Taxi & Limousine Commission

চালকের জন্য সংস্থান

COVID-19 স্বাস্থ্য সংকটের সময় TLC এবং সিটি উভয়েই TLC চালক, গাড়ির মালিক এবং ব্যবসাসমূহকে সহায়তা করার জন্য পদক্ষেপ গ্রহণ করছে। TLC লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি **ড্রাইভার রিসোর্স সেন্টার** এর সুবিধা নিতে পারে, যা আর্থিক পরামর্শ এবং আইনি পরিষেবা এবং বিনামূল্যে অন্যান্য প্রয়োজনীয় সিটি রিসোর্স যেমন স্বাস্থ্যসেবা বিমা, মানসিক স্বাস্থ্য রিসোর্স এবং আরও অনেক কিছু প্রদান করে।
আপনার জন্য বিদ্যমান রিসোর্সগুলো সম্পর্কে আরও জানতে নিচের লিঙ্কগুলি ব্যবহার করুন। সিটি থেকে স্বাস্থ্য বিভাগের সর্বশেষ নির্দেশিকা এবং COVID-19-এর আরও রিসোর্সের জন্য **nyc.gov/coronavirus** দেখুন।

ড্রাইভার রিসোর্স সেন্টার

ড্রাইভার রিসোর্স সেন্টার এমন একটি জায়গা যেখানে বিনামূল্যে ড্রাইভাররা আর্থিক পরামর্শ, আইনি সেবা, স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য রিসোর্স এবং জনসাধারণের জন্য আবেদনের সহায়তা পেতে স্বাচ্ছন্দ্য বোধ করতে পারে। আজই একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করুন।

- কিভাবে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করবেন
- সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী
- ড্রাইভার রিসোর্স সেন্টার ফ্লায়ার

New York স্টেটে কর্মহীনদের জন্য প্রদত্ত সুবিধাদি

COVID-19-এর কারণে জনস্বাস্থ্য সংক্রান্ত আপৎকালীন অবস্থার ফলে TLC-লাইসেন্সধারী যে সকল ড্রাইভারের আয় বন্ধ হয়ে থাকতে পারে, তাদের কর্মহীন সুবিধাদির জন্য NYS শ্রম বিভাগে (Department of Labor) আবেদন করা উচিত।

যে সকল ড্রাইভার NYS শ্রম বিভাগ কর্তৃক কর্মী হিসেবে শ্রেণিবদ্ধ, তারা প্রচলিত কর্মহীনতা বিমা (Unemployment Insurance, UI) সুবিধার জন্য উপযুক্ত। labor.ny.gov/signin-এ অনলাইনে আবেদন করুন।

TLC-লাইসেন্সধারী যেসকল ড্রাইভার স্ব-নিয়োজিত/স্বাধীন কন্ট্রাক্টর তারা এখন কেন্দ্রীয় CARES আইনের অধীনে সম্প্রসারিত কর্মহীনতা বিমা (Unemployment Insurance, UI)-এর মাধ্যমে মহামারীজনিত কর্মহীনতা বিমা (Pandemic Unemployment Assistance, PUA) সুবিধা পাওয়ার যোগ্য। মহামারীজনিত কর্মহীনতা বিমার (Pandemic Unemployment Assistance, PUA) সুবিধাদির

জন্য বিবেচিত হতে, আপনাকে প্রথমে স্টেটের শ্রম বিভাগে (Department of Labor) আবেদন করতে হবে।

আপনার যা করা উচিত:

- labor.ny.gov/signin-এ অনলাইনে আবেদন করুন।
- 1-888-209-8124 নম্বরে কল করে ফোনে আবেদন করুন
- আবেদন প্রক্রিয়ার ফ্লোচার্ট ডাউনলোড করতে এখানে ক্লিক করুন
- NYS শ্রম বিভাগ থেকে একটি তথ্যপত্র পেতে এখানে ক্লিক করুন

আপনি যা পাওয়ার যোগ্য হতে পারেন:

- 39 সপ্তাহের UI বা PUA সুবিধা
- 7/31/2020 পর্যন্ত প্রতি সপ্তাহে অতিরিক্ত $600

TLC-লাইসেন্সধারী ড্রাইভাররা সীমিত সংখ্যক ট্রিপ থেকে বা DeliveryTLC-এর মতো বিকল্প কাজ থেকে যদি এখনও সামান্য কিছু আয় করেন, তবুও তারা আনএমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স (UI) সুবিধা বা প্যান্ডেমিক আনএমপ্লয়মেন্ট অ্যাসিস্টেন্স (PUA)-এর জন্য আবেদন করতে পারবেন।

UI এবং PUA সুবিধাদি NYS শ্রম বিভাগ দ্বারা পরিচালিত। আরও তথ্যের জন্য CARES আইন ওয়েবসাইট দেখুন বা করোনাভাইরাস সম্পর্কিত জরুরি পরিস্থিতিতে UI সম্পর্কিত সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী পড়ুন।

খাদ্য সহায়তা

নিউইয়র্কের সকল অধিবাসী ফুড প্যান্ট্রি ও মিল হাবের মাধ্যমে সমগ্র সিটি থেকে বিনামূল্যে খাবার পেতে পারেন। আরও তথ্যের জন্য দেখুন: www.nyc.gov/GetFoodNYC।

আর্থিক সহায়তা

বিল পরিশোধ করতে সমস্যায় পরেছেন?

NYC ফিনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টার থেকে বিনামূল্যে গোপনীয় আর্থিক পরামর্শ নিন।

COVID-19 সম্পর্কিত চলমান স্বাস্থ্য বিষয়ক উদ্বেগ এবং আরও বেশি সামাজিক দূরত্ব তৈরি করার প্রয়োজনে, সকল ফিনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টার এখন ফোন কলের মাধ্যমে দূরবর্তী স্থান থেকে আর্থিক বিষয়ে পরামর্শ প্রদানের সেশন পরিচালনা করছে। দূরবর্তী স্থান থেকে একটি আর্থিক পরামর্শের অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য এখানে ক্লিক করুন। দূরবর্তী স্থান থেকে আর্থিক পরামর্শের অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য FAQ পেজ দেখুন বা এখানে ক্লিক করুন।

ছোটখাটো ব্যবসাপ্রতিষ্ঠানের জন্য পরিষেবা

COVID-19 দ্বারা প্রভাবিত হয়েছে এমন ব্যবসাপ্রতিষ্ঠানের জন্য এখন U.S. **স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন** (SBA)-এর মাধ্যমে আর্থিক সহায়তা পাওয়া যাচ্ছে।

SBA ঋণগুলো আগে-আসলে-আগে-পাবেন ভিত্তিতে পাওয়া যাবে, তাই যথাশীঘ্র সম্ভব আপনার আবেদন জমা দেওয়া খুব জরুরি। SBA কর্মসূচী সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে answerdesk@sba.gov এ ইমেইল করুন।

SBA-এর COVID-19 ঋণ বিষয়ক সংস্থান এবং ছোটখাটো ব্যবসাপ্রতিষ্ঠানের জন্য নির্দেশনা পেতে এখানে ক্লিক করুন। SBA কর্মসূচীগুলোর একটি তুলনা এখানে দেখুন।

সরকারী সুবিধার আবেদন

সিটির হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন (HRA) আপনাকে সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (SNAP), নগদ সহায়তা ও Medicaid নবায়ন সহ সরকারী সুবিধাগুলির জন্য আবেদনের ক্ষেত্রে আপনাকে সাহায্য করতে পারে। আরও তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

ড্রাইভার সুরক্ষা ইউনিট

ড্রাইভার সুরক্ষা ইউনিট সকল ট্যাক্সি ও ভাড়ায়-চালিত গাড়ির ড্রাইভারদের অধিকার সুরক্ষিত রাখে। এই ইউনিটটি TLC লাইসেন্সধারীদের জমা দেওয়া অভিযোগগুলোর তদন্ত করে, যেখানে তাদের বিরুদ্ধে বেআইনি কাজ করার অভিযোগ আনা হয়, যে কাজগুলোর মধ্যে রয়েছে:

- কোনো একটি ট্রিপ প্রদান করার পর তাদের অর্জিত অর্থ ড্রাইভারদেরকে পরিশোধ করতে ব্যর্থতা
- কোনো ড্রাইভারের নিরাপত্তা জামানত ফেরত দিতে ব্যর্থতা

- জারা (লিজ) ও রসিদ সহ TLC নিয়মাবলীর অধীনে আবশ্যক কাগজপত্রের অনুলিপি ড্রাইভারদের প্রদানে ব্যর্থতা
- ইজারা বা গাড়ি ক্রয়ের পরিমাণ থেকে বেশি চার্জ করা
- পরিচয় চুরির কাজ
- TLC-এর কাছে কোনো অভিযোগ দায়ের করার ফলে প্রতিশোধ নেওয়া

ড্রাইভারদের অধিকার উন্নত করার জন্য ইউনিটটি নিউ ইয়র্ক সিটি ট্যাক্সি অ্যান্ড লিমুজিন কমিশনের নিয়মাবলীও পর্যালোচনা করে এবং সমগ্র নিউ ইয়র্ক সিটি জুড়ে নিয়মিতভাবে ড্রাইভারদের অধিকার বিষয়ক প্রশিক্ষণ দিয়ে থাকে। আজ পর্যন্ত ইউনিটটি ড্রাইভারদেরকে $3.2 মিলিয়নের বেশি অর্থ ফিরে পেতে সাহায্য করেছে।

আরও তথ্যের জন্য, (718) 391-5539 নম্বরে ফোন করুন বা driverprotection@tlc.nyc.gov এ

ইমেইল করুন।

সংশ্লিষ্ট তথ্য:

- **ট্যাক্সি ফ্লিট ড্রাইভার্স বিল অব রাইটস** (PDF)
- **ট্যাক্সি** DOV **ড্রাইভার্স বিল অব রাইটস** (PDF)

আইনি পরিষেবা

- **লিগ্যাল সার্ভিসেস** NYC
  - টেলিফোন: 917-661-4500
  - ওয়েবসাইট: http://www.legalservicesnyc.org/
- **নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্টেন্স গ্রুপ**
  - টেলিফোন: 212-613-5000
  - ওয়েবসাইট: https://nylag.org/
- **লিগ্যাল এইড সোসাইটি**
  - টেলিফোন: 212-577-3300
  - ওয়েবসাইট: http://www.legal-aid.org/en/home.aspx
- NYPIRG
  - ওয়েবসাইট: https://www.nypirg.org/sccac/
- **ল হেল্প** NY
  - ওয়েবসাইট: https://www.lawhelpny.org/

Taxi & Limousine Commission

ভোটার নিবন্ধন

ভোট দিতে নিবন্ধন করতে বা নিউ ইয়র্ক সিটির নির্বাচন বোর্ডে আপনার ভোটার নিবন্ধনের অবস্থা পরীক্ষা করতে **NYC-এর নির্বাচন বোর্ডের ওয়েবসাইট** দেখুন।